

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনার(আপীল) এর কার্যালয়
কর আপীল অঞ্চল-চট্টগ্রাম।

নথি নং-নিয়োগ/ককআ-চট্ট/২০২৪-২০২৫/৪৩০


তারিখ : ১৫.০১.২০২৫ খ্রি:।

বিষয় : কর আপীল অঞ্চল-চট্টগ্রাম এর ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল।

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর আপীল অঞ্চল-চট্টগ্রাম এর কম্পিউটার অপারেটর, সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গাড়ী চালক ও অফিস সহায়ক পদের কর্মচারী নিয়োগের লক্ষ্যে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ চূড়ান্তভাবে নির্বাচিত ও নির্বাচন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে সুপারিশকৃত প্রার্থীদের আগামী ২২.০১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত কাগজপত্রাদিসহ উপস্থিত হতে হবে।

- ১। আবেদনপত্রের মূল কপি (রঙিন), আবেদনপত্রে উল্লেখিত সকল সনদের মূল কপি, সকল সনদের এক সেট সত্যায়িত অনুলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি রঙিন ছবি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদে পরবর্তীতে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারীর প্রদত্ত তথ্যে কোন গরমিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যহতি প্রদান করতে পারবেন।
- ২। নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও ডোপটেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। স্বাস্থ্যগত সনদে প্রার্থী কোন দৈহিক বৈকল্যে ভুগছেন কিংবা উল্লেখিত পদে নিয়োগযোগ্য নয় মর্মে উল্লেখ থাকলে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।
- ৩। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে নির্ধারিত ফরমে চারিত্রিক সনদপত্র এবং নির্ধারিত ফরমে পুলিশ ভেরিফিকেশন সনদ (৩ সেট) দাখিল করতে হবে।



(মোঃ নাজমুল হুদা)

উপ কর কমিশনার

কর অঞ্চল-২, চট্টগ্রাম

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

কর আপীল অঞ্চল-চট্টগ্রাম।